আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/29/2025 **গভর্নর ক্যাথি হোকল**

নিসকায়ুনার উন্নত গবেষণা কেন্দ্রে শক্তি সংক্রান্ত উদ্ভাবন পরিচালনার জন্য জিই ভারনোভা 96 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে বলে গভর্নর Hochul (হোকল)-এর ঘোষণা

এই কোম্পানি স্কেনেকটেডি কাউন্টিতে 75টি নতুন কর্মসংস্থান তৈরি করার অঙ্গীকার করেছে

এই সেন্টার প্রযুক্তির অগ্রগতিকে সক্ষম করে তুলবে, যার মধ্যে ডিকার্বনাইজেশন, বিদ্যুৎ উৎপাদনের জন্য বিকল্প জ্বালানি, এবং ভবিষ্যতের গ্রিড ও অত্যন্ত গুরুত্বপূর্ণ অবকাঠামোর নিরাপত্তা অন্তর্ভুক্ত রয়েছে

এই বিনিয়োগ খরচ কমিয়ে আনতে এবং সাশ্রয়ী, টেকসই বিদ্যুতের অ্যাক্সেস সম্প্রসারণ করতে নির্মল জ্বালানি সংক্রান্ত উদ্ভাবনের ক্ষেত্রে সহায়তা করছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে জিই ভারনোভা (GE Vernova) স্কেনেকটেডি কাউন্টির নিসকায়ুনায় অবস্থিত কোম্পানির উন্নত গবেষণা কেন্দ্রে কমপক্ষে 96 মিলিয়ন ডলার বিনিয়োগ করার অঙ্গীকার করেছে। এই কোম্পানি 75টি নতুন অন-সাইট কর্মসংস্থান তৈরি করার মাধ্যমে, এই সেন্টারের বিদ্যুতায়ন ও ডিকার্বনাইজেশন প্রচেষ্টাকে জোরদার করার এবং একইসাথে রূপান্তরমূলক প্রযুক্তিগুলোকে এগিয়ে নিয়ে যাওয়ার পরিকল্পনা করেছে, যার মধ্যে কার্বন ডাই অক্সাইড অপসারণ, বিদ্যুৎ উৎপাদনের জন্য বিকল্প জ্বালানি এবং ভবিষ্যতের গ্রিড গড়ে তোলা অন্তর্ভুক্ত রয়েছে। আজকের ঘোষণা এমন প্রযুক্তিগত অগ্রগতিতে সহায়তা করবে যা নির্গমন কমিয়ে আনবে এবং নিউ ইয়র্ক স্টেটকে এমন একটি ভবিষ্যতের দিকে নিয়ে যাবে যেখানে নির্মল জ্বালানি শুধু স্টেটের অর্থনীতিকে শক্তিশালীই করবে না, বরং স্থিতিশীলতা ও সুযোগ-সুবিধার ব্যাপারে স্টেটের শেয়ার করা অঙ্গীকারাবদ্ধতার প্রতিফলনও ঘটাবে।

"নির্মল জ্বালানির ভবিষ্যত আমাদের স্টেটে নতুন বিনিয়োগ, ভালো বেতনের কর্মসংস্থান এবং অধিকতর নির্মল পরিবেশ নিয়ে আসছে, এবং নিসকায়ুনাতে এবং এর বাইরে আমাদের শেয়ার করা রূপকল্পকে এগিয়ে নেওয়ার এই সময়ে জিই ভারনোভার সাথে একসঙ্গে কাজ করতে পেরে আমরা গর্বিত," **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "নিউ ইয়র্ক নির্মল জ্বালানির জন্য একটি নেতৃস্থানীয় ম্যানুফ্যাকচারিং ও R&D হাব হয়ে উঠছে; যা আমাদেরকে আমাদের জলবায়ু

এজেন্ডা অর্জন করা এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য একটি উন্নত, অধিকতর নির্মল ভবিষ্যত গড়ে তোলার আরো কাছাকাছি নিয়ে আসছে।"

এই কোম্পানি কমপক্ষে 96 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে এবং এটির নির্মল জ্বালানি গবেষণা ও উন্নয়ন প্রচেষ্টায় সহায়তা করতে, বিদ্যুতায়ন ও ডিকার্বনাইজেশনের প্রতি জোর দেওয়া নতুন দুইটি সর্বাধুনিক ল্যাবরেটরি গড়ে তোলা, বিদ্যমান ফ্যাসিলিটিগুলো সম্প্রসারণ করা, এবং অন-সাইট নবায়নযোগ্য লার্নিং সেন্টারের অন্য দুইটি ভবনকে পুনর্বাসন করার পরিকল্পনা করছে। এই কোম্পানি উন্নত গবেষণা কেন্দ্রে কমপক্ষে 75টি নতুন পূর্ণকালীন কর্মসংস্থান তৈরি করার অঙ্গীকার করেছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) জিই ভারনোভার কর্মসংস্থান তৈরির প্রচেষ্টায় সহায়তা করার জন্য 9.635 মিলিয়ন ডলার পর্যন্ত কর্মদক্ষতা-ভিত্তিক এক্সেলসিয়র জবস কর্মসূচি ট্যাক্স ক্রেডিট প্রদান করতে সম্মত হয়েছে। সেইসাথে, ভবিষ্যতের অন-সাইট অবকাঠামো প্রকল্পগুলোতে সহায়তা করার জন্য FAST NY অনুদান তহবিল কাজে লাগানোর জন্য স্কেনেকটেডি কাউন্টি মেট্রোপ্লেক্স ডেভেলপমেন্ট অথরিটিকে (Schenectady County Metroplex Development Authority) আমন্ত্রণ জানানো হয়েছে।

জিই ভারনোভার উন্নত গবেষণা বিষয়ক ভাইস প্রেসিডেন্ট David Vernooy (ডেভিড ভারনয়) বলেন, "জিই ভারনোভা জ্বালানির উত্তরণের ক্ষেত্রে বিশ্বের অগ্রগতিকে সামনের দিকে এগিয়ে নেওয়ার জন্য ডিজাইন করা এটির বিশ্ব-মানের গবেষণা ও উন্নয়ন কেন্দ্রকে শক্তিশালী করে তোলার জন্য অঙ্গীকারাবদ্ধ, যার মাধ্যমে এখানে রাজধানী অঞ্চলে আমাদের উদ্ভাবনের দীর্ঘ ইতিহাস অব্যাহত থাকবে। এই বিনিয়োগের লক্ষ্য হলো সর্বাধুনিক ল্যাব, একটি নতুন গ্রাহক অভিজ্ঞতা কেন্দ্র, এবং সরকার, গ্রাহক, চিন্তাশীল নেতৃবৃন্দ ও উদ্ভাবকদের সঙ্গে সমানভাবে অংশীদারিত্ব এগিয়ে নেওয়ার জন্য সহযোগিতার একটি স্থান তৈরি করার মাধ্যমে যুগান্তকারী প্রযুক্তিগুলোকে সক্রিয় করা। আমরা নেতৃত্ব দেওয়ার জন্য প্রস্তুত, এবং এই বিনিয়োগ যেসব যুগান্তকারী পরিবর্তন নিয়ে আসবে সেগুলোর ব্যাপারে উচ্ছসিত।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট টেকসই অর্থনৈতিক সমৃদ্ধি প্রবর্ধন করতে কোম্পানি, প্রযুক্তি ও কর্মসংস্থানগুলোতে বিনিয়োগ করা অব্যাহত রেখেছে। জিই ভারনোভার উন্নত গবেষণা কেন্দ্রের রয়েছে পরবর্তী-প্রজন্মের উন্নয়ন কাজ সম্পন্ন করার সমৃদ্ধ ইতিহাস, এবং আজকের ঘোষণা করা বিনিয়োগ নতুন কর্মসংস্থান তৈরি করবে এবং জটিল চ্যালেঞ্জগুলোর নতুন সমাধান পেতে সহায়তা করবে যা এই রাজধানী অঞ্চলের উদ্ভাবনের ঐতিহ্যকে আরো সামনে এগিয়ে নিবে।"

নিসকায়ুনায় অবস্থিত জিই ভারনোভার উন্নত গবেষণা কেন্দ্রের যুগান্তকারী প্রযুক্তিসমূহ উন্নয়নের একটি ঐতিহ্য রয়েছে, যার মধ্যে বিশ্বের সবচেয়ে কর্মদক্ষ হয়ে উঠার জন্য ডিজাইন করা গ্যাস টার্বাইন থেকে শুরু করে, কর্মদক্ষ ও শক্তিশালী গ্রিডের পরিকল্পনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করার জন্য উন্নত অ্যালগরিদম, কার্বনমুক্ত শক্তি উৎপাদনের জন্য ক্ষুদ্র মডিউলার পারমাণবিক চুল্লি এবং 100 ভাগ হাইড্রোজেন দহন অন্তর্ভুক্ত রয়েছে।

এই প্রকল্প নির্মল, টেকসই ও বিকল্প জ্বালানির ক্ষেত্রে নতুন উদ্ভাবন ও প্রযুক্তিগুলোকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে এমন গবেষণা ও উন্নয়ন প্রচেষ্টায় সহায়তা করবে। জিই ভারনোভা শক্তির ব্যবহার ও কার্বন ক্যাপচার করার প্রধান ব্যয় কমিয়ে আনার জন্য ডিজাইন করা একটি সর্বাধুনিক, প্রিমিয়ার ল্যাবরেটরি নির্মাণ করবে, এবং একইসাথে কার্বন ছাড়া দহনের সুযোগ করে দিবে এমন জ্বালানি উন্নয়ন করবে এবং পৌঁছে দিবে। এছাড়া কোম্পানির এই বিনিয়োগ মাল্টি-টার্মিনাল উচ্চ ভোল্টেজ সম্পন্ন ডিরেক্ট কারেন্ট নিয়ে গবেষণাকে অগ্রাধিকার প্রদান করবে, যা যুক্তরাষ্ট্রের ভবিষ্যতের বিদ্যুৎ গ্রিডের সক্ষমতা ও ফাংশনালিটি সম্প্রসারণ করার একটি গুরুত্বপূর্ণ উপাদান। এছাড়াও এটি গ্রিডের সাথে শক্তি উৎপাদনের একাধিক উৎসকে সংযুক্ত করার সক্ষমতাকে জোরদার করবে। নির্মল জ্বালানি প্রযুক্তি খাতে উন্নয়ন পরিচালনা করার মাধ্যমে, এই বিনিয়োগ নবায়নযোগ্য শক্তির খরচ কমিয়ে আনতে সাহায্য করবে, যা টেকসই শক্তিকে ভোক্তাদের ও ব্যবসা প্রতিষ্ঠানগুলো উভয়ের জন্য আরো বেশি সাশ্রয়ী ও অ্যাক্সেসযোগ্য করে তুলবে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority)-এর রিচার্জ NY (RechargeNY) নামক কম খরচে বিদ্যুৎ কর্মসূচির মাধ্যমে, জিই ভারনোভাকে স্টেটের প্রতি এটির অঙ্গীকারাবদ্ধতার বিপরীতে 9,440 কিলোওয়াট বিদ্যুৎ বরাদ্দ দেওয়া হয়েছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির প্রেসিডেন্ট ও CEO Justin E. Driscoll (জাস্টিন ই. ড্রিসকল) বলেন, "জেনারেল ইলেক্ট্রিক (General Electric)-এর উদ্ভাবনের ঐতিহ্য স্কেনেকটেডি কাউন্টির সাথে নিবিড়ভাবে সম্পর্কিত, এবং 96 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ ভবিষ্যতের নির্মল জ্বালানি কর্মসংস্থানসমূহ এখানে নিউ ইয়র্ক স্টেটে থাকার বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে। NYPA-এর কম খরচে জলবিদ্যুৎ থেকে পাওয়া সহায়তা কাজে লাগিয়ে, জিই ভারনোভার সম্প্রসারণ নতুন রূপান্তরমূলক প্রযুক্তিসমূহ উন্নয়ন ও অণ্বেষণ করতে সাহায্য করবে যা আমাদের স্টেট ও অন্য স্টেটগুলোকে ডিকার্বনাইজ করতে সাহায্য করবে, এবং আমাদের বৈদ্যুতিক গ্রিডকে শক্তিশালী করবে।"

স্কেনেকটেডি কাউন্টির আইনসভার সভাপতি Gary Hughes (গ্যারি হিউ) বলেন, "আমরা গভর্নর Hochul (হোকল) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের নিবেদিত প্রচেষ্টার জন্য তাদের প্রতি কৃতজ্ঞ, যে প্রচেষ্টার ফলে জিই ভারনোভার উন্নত গবেষণা কেন্দ্রে এই ঐতিহাসিক বিনিয়োগ সম্ভব হয়েছে। এসব রূপান্তরমূলক বিনিয়োগ হাই-টেক কর্মসংস্থান তৈরি করবে, অর্থনৈতিক সমৃদ্ধির চালিকাশক্তি হিসেবে কাজ করবে, এবং উদ্ভাবনের একটি হাব হিসেবে আমাদের অবস্থানকে শক্তিশালী করবে। ESD-এর সাথে সহযোগী হয়ে কাজ করার জন্য আমরা আমাদের মেট্রোপ্লেক্স টিমকে ধন্যবাদ জানাই এবং আমরা গর্বিত যে জিই স্কেনেকটেডি কাউন্টিতে উল্লেখযোগ্য বিনিয়োগ করা অব্যাহত রেখেছে।"

নিসকায়ুনার সুপারভাইজার Erin Cassady-Dorion (এরিন ক্যাসেডি-ডোরিন) বলেন, "আমরা নিসকায়ুনার উন্নত গবেষণা কেন্দ্রে এই বিনিয়োগ ও অঙ্গীকারাবদ্ধতার জন্য জিই ভারনোভাকে ধন্যবাদ জানাই। এই টাউন এই প্রকল্পকে সামনে এগিয়ে নেওয়ার জন্য স্টেট ও কাউন্টি অংশীদারদের সঙ্গে কাজ করা অব্যাহত রাখবে, এবং এটি সম্ভব করে তোলার ক্ষেত্রে

তাদের গুরুত্বপূর্ণ প্রচেষ্টার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু এজেন্ডা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু এজেন্ডা একটি নির্মল জ্বালানির অর্থনীতির দিকে একটি সাশ্রয়ী ও ন্যায্য উত্তরণের আহবাদ জানায়, যা পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সবুজ বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি উন্নত করবে, এবং কমপক্ষে 35 শতাংশ সুবিধা সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে প্রদান করবে। নিউ ইয়র্ক 2050 সালের মধ্যে নির্গমনমুক্ত অর্থনীতি অর্জনের জন্য বেশ কিছু প্রচেষ্টাকে এগিয়ে নিচ্ছে, যার মধ্যে বিদ্যুৎ, ভবন, পরিবহন ও বর্জ্য খাত অন্তর্ভুক্ত রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন